

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ জানুয়ারী ২০২৩ খ্রি.

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত
অবৈধভাবে ফুটপাথ ও রাস্তা দখল করে ব্যবসা পরিচালনার
দায়ে ৬ ব্যক্তিকে ২৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন নগরীর বাদুরতলা ও চকবাজার সড়কে উভয় পার্শ্বের রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা পরিচালনা এবং নির্মাণ সামগ্রী রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৬ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৫ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩